অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/31/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সারাটোগা স্প্রিংসে 5.7 মিলিয়ন মার্কিন ডলারের সম্পূর্ণ সড়ক প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের পূর্বে শেষ হওয়ার ঘোষণা করলেন

ঐতিহাসিক ইউনিয়ন অ্যাভিনিউ সংলগ্ন নতুন বাইক লেন এবং সাইডওয়াক সারাটোগা রেস কোর্স এবং সিটির ডাউনটাউন জেলা পর্যন্ত অ্যাক্সেস উন্নত করে

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে, একটি 5.7 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প নির্ধারিত সময়ের অনেক আগেই শেষ হয়েছে, যা সারাটোগা স্প্রিংস সিটির ইউনিয়ন অ্যাভিনিউতে নতুন সাইডওয়াক ও বাইক লেন যোগ করেছে, নিরাপত্তা বৃদ্ধি করেছে এবং ঐতিহাসিক সারাটোগা রেস কোর্স (Saratoga Race Course) এবং সিটির প্রাণবন্ত ডাউনটাউন ব্যবসায়িক জেলা পর্যন্ত বাইসাইকেল চালক ও পথচারীদের অ্যাক্সেস উন্নত করেছে। ইউনিয়ন অ্যাভিনিউয়ের রিসার্ফেস কাজ অন্তর্ভুক্ত করা এই প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের (New York State Department of Transportation, NYSDOT) "সম্পূর্ণ সড়ক (Complete Streets)" উদ্যোগের লক্ষ্য পূরণ করার জন্য পরিকল্পিত ও নির্মিত হয়েছে যেখানে সকল বয়স ও সক্ষমতার রাস্তার ব্যবহারকারীর জন্য নিরাপদ, সুবিধাজনক অ্যাক্সেস ও সচলতাকে বিবেচনা করা হয়।

"সারাটোগা স্প্রিংস সিটি হলো আপস্টেট নিউ ইয়র্কের দেখতেই-হবে এমন একটি গন্তব্য এবং এই উন্নয়নকাজগুলি দ্বারা আমরা বাসিন্দা ও ভ্রমণকারী সকলের জন্য গাড়ি না চালিয়ে ঘুরে দেখাকে সহজতর করেছি," **গভর্নর হোকল বলেন।** "পুরো নিউ ইয়র্ক স্টেটে বাইসাইকেলচালক ও পথচারীদের জন্য অ্যাক্সেস সম্প্রসারিত করার মাধ্যমে আমরা গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে সাহায্য করতে পারবো এবং একই সাথে যাত্রার আরো স্বাস্থ্যকর মাধ্যম ও বর্ধিত বিনোদনমূলক সুযোগ ও পর্যটনের প্রচার করতে পারবো, যা আমাদের সকলের জন্য লাভজনক হবে।"

স্টেট রুট 9P নামেও পরিচিত ইউনিয়ন অ্যাভিনিউ, এক্সিট 14 তে আডিরোন্ডাক নর্থওয়ের (ইন্টারস্টেট 87) সাথে সংযুক্ত হয়, যা সারাটোগা স্প্রিংস এবং বার্ষিক 1 মিলিয়নের বেশি দর্শককে আকৃষ্ট করা ঐতিহাসিক ঘোড়দৌড় ট্র্যাক পর্যন্ত মুখ্য একটি প্রবেশপথ গঠন করে। সারাটোগার ঘোড়দৌড়ের ইতিহাসের সাথে এই রাস্তার সংযোগ ভালোভাবেই প্রতিষ্ঠিত। 2022 সালে, প্রয়াত

দানশীল ব্যক্তি এবং সারাটোগা কমিউনিটির মুখ্য ব্যক্তিত্বের নামানুসারে গভর্নর হোকল ইউনিয়ন অ্যাভিনিউকে "ম্যারিলু হুইটনি ওয়ে" হিসেবে ঘোষণা করেন।

প্রকল্পের অংশ হিসেবে, NYSDOT ইউনিয়ন অ্যাভিনিউয়ের উত্তর পাশে আমেরিকান্স উইথ ডিজেবিলিটিজ আইন (Americans with Disabilities Act, ADA) অনুসারে একটি নতুন সাইডওয়াক স্থাপন করেছে যা পোক অ্যাভিনিউ এবং নিউ ইয়র্ক রেসিং অ্যাসোসিয়েশনের (New York Racing Association, NYRA) গেট 16 কে ইস্ট অ্যাভিনিউয়ের সাথে সংযুক্ত করে। পাঁচ ফুট চওড়া বাইক লেনগুলি ইস্ট অ্যাভিনিউ এবং হেনিং রোডের মধ্যে উভয় দিকে রং করা হয়েছে।

ইস্ট অ্যাভিনিউ এবং সারাটোগা লেকের উপরের ব্রিজটির মধ্যকার আনুমানিক তিন মাইল দীর্ঘ ইউনিয়ন অ্যাভিনিউকে রিসার্ফেসও করা হয়েছে এবং ঝড়ের পানির প্রবাহ উন্নত করতে ইস্ট অ্যাভিনিউ এবং হেনিং রোডের মধ্যে নতুন ড্রেনেজ কাঠামো যোগ করা হয়েছে। 2023 সালের এপ্রিল মাসে নির্মাণকাজ শুরু করা হয়ে এবং ট্র্যাফিকের বিঘ্ন সর্বনিম্ন করতে গ্রীষ্মকালীন রেসিং মৌসুমের সময় কাজ বন্ধ ছিলো। NYSDOT কর্মী এবং ঠিকাদারদের ত্বরান্বিত কাজের কারণে 2024 সালের বসন্ত মৌসুমে সম্পূর্ণ হওয়ার নির্ধারিত সময়ের অনেক আগেই এই কাজ শেষ হয়েছে।

সম্পূর্ণ সড়ক প্রকল্পগুলি পথচারী, বাইসাইকেলচালক, গণপরিবহনের যাত্রী, মোটরচালক, শিশু, বয়স্ক, এবং অক্ষমতাসহ মানুষদের প্রয়োজন বিবেচনা করে। সম্পূর্ণ সড়কের নকশা আরো পরিচ্ছন্ন এবং পরিবেশবান্ধব পরিবহন ব্যবস্থায় অবদান রাখে। ডিসেম্বর মাসে, গভর্নর হোকল পুরো স্টেটের মিউনিসিপ্যাল "সড়ক সড়ক" প্রকল্পের জন্য অতিরিক্ত সমর্থন প্রদান করতে বিধিমালায় স্বাক্ষর করেন।

নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন, "গভর্নর হোকল বুঝেন যে 21 শতকের পরিবহন নেটওয়ার্ককে অবশ্যই সম্প্রদায়সমূহকে বলীয়ান ও সংযুক্ত করে এবং একই সাথে হাঁটা, গণপরিবহন ব্যবহার বা গাড়ি চালানো সকল উপায়ে সিস্টেমের ব্যবহারকারীর জন্য অ্যাক্সেস উন্নত করে। সারাটোগার এই সম্পূর্ণ সড়ক প্রকল্প ঐতিহাসিক রেস কোর্স এবং সুন্দর এই সিটির অন্যান্য আকর্ষণীয় স্থানে যাওয়া সহজতর করবে, অর্থাৎ রাস্তায় অপেক্ষাকৃত কম গাড়ি, অপেক্ষাকৃত কম যানবাহনের নিঃসরণ এবং পরিচ্ছন্নতর বায়ু থাকবে।"

স্টেটের সিনেটর জিম টেডিস্কো বলেন, "সুন্দর সারাটোগা স্প্রিংসের ঐতিহাসিক ইউনিয়ন অ্যাভিনিউ সংলগ্ন নতুন বাইক লেন ও সাইডওয়াকের কাজ সম্পূর্ণ হওয়া স্পা সিটির বাসিন্দা ও ভ্রমণকারীদের জন্য একটি স্বাগত সুবিধা হবে এবং এটি সারাটোগা রেস কোর্স ও ডাউনটাউন পর্যন্ত নিরাপদ অ্যাক্সেস উন্নত করবে। 44 সিনেট জেলার গুরুত্বপূর্ণ এই অবকাঠামো উদ্যোগে গভর্নর হোকল এবং NYS DOT এর সমর্থনের জন্য আমি তাদের ধন্যবাদ জানাতে চাই।"

সারাটোগা কাউন্টির সুপারভাইজর বোর্ডের সভাপতি থিওডোর টি. কুসনিয়েরর্জ বলেন, "সারাটোগা কাউন্টি গভর্নর হোকলের সাথে এই ঘোষণা করতে পেরে খুশি যে ঐতিহাসিক

ইউনিয়ন অ্যাভিনিউ সংলগ্ন নতুন বাইক লেন ও উন্নত পথচারীর অ্যাক্সেসের কাজ শেষ হয়েছে। প্রকল্পটি সারাটোগা স্প্রিংসে বাসিন্দা ও ভ্রমণকারী সকলের জন্য নিরাপদ নতুন পরিবহন সুযোগ প্রদান করে। নির্ধারিত সময়ের পূর্বে এই প্রকল্পের কাজ শেষ করতে নিউ ইয়র্ক স্টেটের অবিচল কাজের জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ।"

সারাটোগা স্প্রিংস সিটির মেয়র রন কিম বলেন, "ইউনিয়ন অ্যাভিনিউতে নতুন বাইক লেন এবং সাইডওয়াক বাস্তবায়ন করতে পেরে আমরা অতি আনন্দিত। এই উন্নয়নকাজ আমাদের দারুণ ডাউনটাউন এলাকা থেকে NYRA পর্যন্ত যাওয়া আসা করার অ্যাক্সেসিবিলিটিকে উন্নত করে। আমি সম্পূর্ণ সড়ক উদ্যোগ নিয়ে গর্বিত এবং সারাটোগা স্প্রিংসকে সকলের জন্য একটি নিরাপদতর, আরো সুবিধাজনক সিটি বানাতে কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

সর্বশেষ যাত্রা তথ্যের জন্য, 511 এ ফোন করুন, www.511NY.org ভিজিট করুন, বা বিনামূল্যে 511NY অ্যাপটি ডাউনলোড করে নিন।

টুইটারে (Twitter) নিউ ইয়র্ক স্টেট DOT অনুসরণ করুন: @NYSDOT। ফেসবুকে (Facebook) facebook.com/NYSDOT ঠিকানায় আমাদেরকে খুঁজে নিন। নিউ ইয়র্ক স্টেট DOT অঞ্চল 1 (ক্যাপিটাল রিজিয়ন এর আওতাভুক্ত) থেকে টুইটের জন্য, @NYSDOTAlbany অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন